অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

আপনাকে গ্রহণ করা হয়েছে! গভর্নর হোকল নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সরকারি কলেজ ও ইউনিভার্সিটিতে ভর্তি হতে সাহায্য করার জন্য নতুন উদ্যোগের সূচনা করলেন

গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, হাই স্কুলের শীর্ষ 10 শতাংশ শিক্ষার্থীদেরকে SUNY স্বয়ংক্রিয়ভাবে অত্যন্ত প্রতিযোগিতাপূর্ণ SUNY ক্যাম্পাসসমূহে ভর্তি করে নিবে

দেশসেরা সরাসরি ভর্তির কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চ শিক্ষাকে আরো অ্যাক্সেসিবল করবে এবং অধিক অর্জনে সক্ষম আরো বেশি শিক্ষার্থীদের স্টেটে থেকে যেতে উৎসাহিত করবে

2025 এর শরৎ মৌসুমের সেমিস্টারে ভর্তির জন্য বাছাইকৃত হাই স্কুলের শিক্ষার্থীদের ভর্তির মাধ্যমে ক্রমান্বয়ে কর্মসূচির সূচনা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি কর্মসূচির (Top 10% Promise Program) সূচনা হয়েছে, যা নিউ ইয়র্কের হাই স্কুলে সর্বোচ্চ অর্জন করা সিনিয়রদের জন্য বাছাইকৃত SUNY কলেজ ও ইউনিভার্সিটিতে ভর্তি ও নাম লেখানোর সুযোগ পাওয়ার একটি সরাসরি পথ তৈরি করবে। নিউ ইয়র্কের আরো বেশি শিক্ষার্থী যাতে SUNY এর অতুলনীয় অ্যাক্সেসিবিলিটি, ক্রয়ক্ষমতা, এবং শিক্ষাগত অসাধারণত্বের সংমিশ্রণের সুবিধা গ্রহণ করতে পারে সেক্ষেত্রে সাহায্য করতে গভর্নর হোকল প্রথম তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে এই পরিকল্পনা ঘোষণা করেন।

"উচ্চশিক্ষা পাওয়ার সুযোগ নিউ ইয়র্কবাসীদের জীবন রূপান্তর করে দিতে এবং একজন শিক্ষার্থীর জীবনের গতিপথ পরিবর্তন করে দিতে পারে," **গভর্নর হোকল বলেন।** "নিজেদের ক্লাসের শীর্ষ 10 শতাংশে গ্র্যাজুয়েট করা নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সরাসরি SUNY ক্যাম্পাসে ভর্তি হওয়ার সুযোগ প্রদান করা হলে তা উচ্চশিক্ষা পাওয়ার প্রতিবন্ধকতা হ্রাস করতে সাহায্য করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে আমাদের শিক্ষার্থীরা নিজেদের শিক্ষা অব্যাহত রাখতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটে থেকেই তাদের স্বপ্ন অর্জনের প্রয়াস করতে পারে।"

শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি একটি সরাসরি ভর্তির কর্মসূচি যা নিজেদের ক্লাসে শীর্ষ 10 শতাংশ গ্রেড পয়েন্ট গড় (Grade Point Average, GPA) পেয়ে গ্র্যাজুয়েট করা এবং কমপক্ষে একটি বাছাইকৃত, বিশ্বমানের SUNY ক্যাম্পাসে শিক্ষামূলক প্রস্তুতির নির্দিষ্ট নির্ণায়ক পূরণ করা হাই স্কুলের শিক্ষার্থীদের স্বয়ংক্রিয়ভাবে ভর্তির সুযোগ প্রদান করে। 2025 এর শরৎ সেমিস্টারে ভর্তি হওয়ার প্রস্তুতি নিতে থাকা বাছাইকৃত হাই স্কুল সিনিয়রদের জন্য কর্মসূচিটি কার্যকর হবে।

প্রাথমিকভাবে অংশগ্রহণ করা নয়টি ক্যাম্পাস হলো: ***অ্যালবানি ইউনিভার্সিটি (University at Albany), বাফেলো ইউনিভার্সিটি (University at Buffalo), SUNY এনভায়রনমেন্টাল সাইন্স ও ফরেস্ট্রি কলেজ (SUNY College of Environmental Science and Forestry), SUNY জিনেসো (SUNY Geneseo), SUNY নিউ প্যাল্টজ (SUNY New Paltz), SUNY ওয়ানোন্টা (SUNY Oneonta), SUNY পলিটেকনিক ইন্সটিটিউট (SUNY Polytechnic Institute), পারচেজ কলেজ (Purchase College)*** এবং ***স্টোনি ব্রুক ইউনিভার্সিটি (Stony Brook University)।***

SUNY শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি সম্পূর্ণ কার্যকর হলে নিউ ইয়র্ক স্টেটের সকল স্কুল জেলার শিক্ষার্থীরা অংশগ্রহণ করার জন্য যোগ্য হবে। প্রথম বছরে, উচ্চমাত্রার বিরূপ অবস্থার একাধিক গ্রামীণ, শহুরে, এবং সাবার্বান সম্প্রদায়কে সেবাদান করা বা নিম্ন আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে উল্লেখজনক ভাগ শিক্ষার্থী ভর্তি করানোর ভিত্তিতে পুরো স্টেটের 68টি স্কুল জেলাকে (এবং স্বতন্ত্র চার্টার স্কুলকে) অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। প্রাথমিকভাবে অংশগ্রহণ করা হাই স্কুলগুলি হলো নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যের প্রতিনিধি।

এটি উচ্চশিক্ষা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা এবং কলেজকে আরো সাশ্রয়ী করার ব্যাপারে গভর্নর হোকলের অব্যাহত প্রয়াসের অনুবর্তী। এর পূর্বে এই মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে আয়ের সীমা বর্ধন নিশ্চিত করার পর, নিউ ইয়র্ক স্টেটের 40,000 এর বেশি নতুনভাবে যোগ্য শিক্ষার্থীরা ইতিমধ্যে 2024-25 শিক্ষাবর্ষের জন্য টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program, TAP) আবেদন জমা দিয়েছে। পাশাপাশি, গত সপ্তাহে গভর্নর ঘোষণা করেন যে SUNY, নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের 50টির বেশি বেসরকারি কলেজ ও ইউনিভার্সিটি একত্রিত হয়ে এই সপ্তাহ থেকে হাই স্কুলের সিনিয়রদের জন্য বিনামূল্যের আবেদনের সুযোগ প্রদান করছে।

উল্লেখযোগ্য প্রমাণ রয়েছে যে, অধিক অর্জনকারী, নিম্ন আয়ের শিক্ষার্থীরা উচ্চতর আয়ের সহপাঠীদের তুলনায় উচ্চতর হারে অপেক্ষাকৃত কম পছন্দের মাধ্যমিক পরবর্তী প্রতিষ্ঠানে আবেদন করে ও ভর্তি হয়। টেক্সাস এবং ক্যালিফোর্নিয়াসহ একাধিক স্টেট সর্বোচ্চ অর্জনকারী শিক্ষার্থীদের সরাসরি ভর্তির সুযোগ প্রদান করে, এবং এই নীতিমালা তাদের ইউনিভার্সিটি সিস্টেমে সমতা অগ্রসর করে বলে তারা দেখছে। উদাহরণস্বরূপ, ক্যালিফোর্নিয়াতে, যেখানে ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটি (University of California, UC) সিস্টেমের জন্য যোগ্য হতে শিক্ষার্থীদের অবশ্যই একটি কলেজ-প্রস্তুতির পাঠ্যক্রম সম্পূর্ণ করতে হয়, সেখানে ভর্তির নিশ্চয়তা প্রদানের ফলে বাছাইকৃত ইউনিভার্সিটিসমূহে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের ভর্তি বৃদ্ধি পেয়েছে, যা গ্র্যাজুয়েশনের হার এবং গ্র্যাজুয়েশন পরবর্তী উপার্জন বৃদ্ধি করেছে।

SUNY চ্যান্সেলর জন বি কিং জুনিয়র বলেন, "SUNY তে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য স্থান রয়েছে, এবং SUNY শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি আমাদের সর্বোচ্চ অর্জনকারী হাই স্কুল শিক্ষার্থীদের জন্য, বিশেষ করে নিম্ন আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে আসা শিক্ষার্থীদের জন্য SUNY এর অসাধারণ মূল্যবোধ ও একাডেমিক অসাধারণত্ব আবিষ্কার করা আরো সহজ করবে। গভর্নর হোকলের নেতৃত্বের কারণে, নতুন এই সরাসরি ভর্তির কর্মসূচিটি শিক্ষাগত সমতা অগ্রসর করবে এবং উচ্চশিক্ষার দুয়ারকে আরো বেশি উন্মুক্ত করবে।"

স্টেটের সিনেটর টবি অ্যান স্টাভিস্কি বলেন, "নিজেদের হাই স্কুলের ক্লাসের শীর্ষ 10 শতাংশে থেকে গ্র্যাজুয়েট করা শিক্ষার্থীরা কলেজে ভর্তি হওয়ার ক্ষেত্রে নিজেদের যোগ্যতা প্রদর্শন করেছে। তারা নিউ ইয়র্কের ভবিষ্যৎ নেতা, এবং তাদের সরাসরি ভর্তির সুযোগ প্রদান করার মাধ্যমে আমরা নিশ্চিত করতে সাহায্য করছি যাতে নিজেদের সম্পূর্ণ সম্ভাবনা অর্জন করার জন্য প্রয়োজনীয় মানসম্পন্ন শিক্ষা তারা অর্জন করতে পারে। নির্বিঘ্নে SUNY তে ভর্তি হতে দেওয়ার মাধ্যমে এই কর্মসূচিটি যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের আরো সুযোগ প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "SUNY শীর্ষ 10 শতাংশ কর্মসূচিটি বাছাইকৃত স্কুল জেলার সেরা পারফর্ম্যান্স করা শিক্ষার্থীদের এমন শীর্ষ SUNY প্রতিষ্ঠানে সরাসরি ভর্তি হওয়ার সুযোগ দিবে যেখানে হয়তো তারা অন্যথায় আবেদন করতো না। এটি হলো উচ্চশিক্ষাকে পুনর্জীবিত করা এবং আরো বেশি হাই স্কুল শিক্ষার্থীদের জন্য অ্যাক্সেস সম্প্রসারিত করার জন্য আমাদের চলমান প্রতিশ্রুতির অংশ। এই বছরের স্টেট বাজেটে TAP শুরু করার (Turning on the TAP) জন্য আমাদের বিনিয়োগের সাথে মিলিত হয়ে, আরো বেশি শিক্ষার্থী যাতে অবশেষে উচ্চশিক্ষা নিশ্চিত করার তাদের স্বপ্ন পূরণ করতে পারে তার পথ আমরা তৈরি করে দিচ্ছি।"

কলেজ অ্যাক্সেস এবং সাক্সেস ইনস্টিটিউটের (The Institute for College Access & Success, TICAS) নিউ ইয়র্ক নীতিমালা ও অ্যাডভোকেসির সিনিয়র পরিচালক কির্স্টেন কিফে, জেডি, বলেন, "পুরো নিউ ইয়র্কের শিক্ষার্থীরা যাতে জানতে পারে যে কলেজ তাদের জন্য একটি সম্ভাব্য বিকল্প তা নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর হোকল এবং চ্যান্সেলর কিংয়ের নেতৃত্বের জন্য TICAS তাদের প্রশংসা করছে। আর্থিক প্রয়োজন সমাধান করার বিদ্যমান প্রয়াস এবং গ্র্যাজুয়েট করার জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় সমর্থন প্রদান করার পাশাপাশি আজকের ঘোষণাটি প্রদর্শন করে যে এম্পায়ার স্টেটে জাতিগত সমতা এবং অর্থনৈতিক সচলতা অগ্রসর করার ক্ষেত্রে SUNY কীভাবে সাহায্য করছে।"

কমপ্লিট কলেজ আমেরিকার (Complete College America) প্রেসিডেন্ট ইয়োলান্ডা ওয়াটসন স্পিভা বলেন, "একটি ডিগ্রি বা একটি মূল্যবান ক্রেডেনশিয়াল অর্জন করার প্রথম ধাপগুলির মধ্যে রয়েছে উচ্চশিক্ষা পর্যন্ত এবং তা শেষ করার জন্য প্রত্যেক শিক্ষার্থীর কাছে আজকে একটি স্পষ্ট পথ থাকে তা নিশ্চিত করা। অর্থনৈতিক দশা নির্বিশেষে কলেজ সম্পূর্ণ করা নিউ ইয়র্কবাসীর সংখ্যা বৃদ্ধি করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট এবং মাত্র এক বছরের কম সময় পূর্বে যোগদান করা কমপ্লিট কলেজ আমেরিকা জোটের একজন প্রতিশ্রুতিবদ্ধ ও সক্রিয় সদস্য SUNY তাদের অবিচল প্রতিশ্রুতি প্রদর্শন করেছে। স্টেটের প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাস্তব

মাধ্যমিক পরবর্তী পথ তৈরি করতে সিস্টেম যেই বৃহত্তর প্রয়াস গ্রহণ করছে সেই বুননের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি কর্মসূচিটি।"

ইয়ং ইনভিন্সিবলসের (Young Invincibles) নর্থইস্ট আঞ্চলিক পরিচালক শন মিলার বলেন, "SUNY এর শীর্ষ 10 শতাংশ প্রতিশ্রুতি কর্মসূচিটি প্রতিশ্রুতিশীল শিক্ষার্থীদের জন্য, বিশেষ করে যারা নিম্ন আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে এসেছে তাদের জন্য SUNY ক্যাম্পাসে ভর্তি হওয়া এবং সমৃদ্ধি করার একটি অত্যাবশ্যকীয় সুযোগ প্রদান করে। কলেজের প্রস্তুতির সবথেকে নিভিরুল পন্থা, কিউমিউলেটিভ GPA ব্যবহার করে এবং স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীদের নেওয়া হলে তা স্টেটের এইসব দারুণ স্কুলে ভর্তি হওয়ার ক্ষেত্রে মুখ্য আর্থিক ও প্রশাসনিক প্রতিবন্ধকতা অপসারণ করে। নিউ ইয়র্কের ইয়ং ইনভিন্সিবলস এবং আমাদের শিক্ষার্থীদের নেটওয়ার্ক এই উদ্যোগটি শুরু করার জন্য SUNY এর চ্যান্সেলর জন বি কিং জুনিয়র এবং গভর্নর হোকলের প্রশংসা করছে, নিউ ইয়র্কে উচ্চশিক্ষা পাওয়ার সুযোগ, সমতা, এবং অর্থনৈতিক সচলতা সম্প্রসারিত করার ক্ষেত্রে এটি একটি উল্লেখযোগ্য মাইলফলক।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। 2023 অর্থবছরে পুরো সিস্টেমের গবেষণার ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে শিক্ষার্থী ও অনুষদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে এখানে তাদের ওয়েবসাইট ভিজিট করুন।

.

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন